যিয়াদ বিন আলাকাহ বলেন, মুগীরাহ বিন শু‘বা একদা আমাদের সালাতে ইমামতি করলেন। তিনি দুই রাকআতের পর দাঁড়িয়ে গেলে আমরা বললাম সুবহানাল্লাহ। তিনি বললেন, সুবহানাল্লাহ এবং সালাত চালিয়ে গেলেন। যখন সালাত শেষ করলেন এবং সালাম ফিরালেন এবং দুটি সেজদা সাহু করলেন। তারপর যখন তিনি সালাত শেষ করে ঘুরে বসলেন, তখন তিনি বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে আমি এমনটি করতে দেখেছি।

যিয়াদ বিন আলাকাহ থেকে বর্ণিত, তিনি বলেন, একদা মুগীরা বিন শু‘বা আমাদের সালাতে ইমামতি করলেন। তিনি দুই রাকআতের পর দাঁড়িয়ে গেলে আমরা বললাম সুবহানাল্লাহ। তিনি
বললেন, সুবহানাল্লাহ এবং সালাত চালিয়ে গেলেন। যখন সালাত শেষ করলেন এবং সালাম
ফিরালেন তখন দুটি সাহু সিজদা করলেন। তারপর যখন তিনি সালাত থেকে ঘুরে বসলেন, তখন তিনি বললেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে অনুরূপ করতে দেখেছি।
[সহীহ] [এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন। - এটি দারিমী বর্ণনা করেছেন]

হাদীসটিতে মুগীরা ইবন শ‘বার আমল তুলে ধরা হয়েছে যে, তিনি তার সালাতে ভুল করে তাশাহুদ পড়েননি। তার পিছনে লোকেরা তাসবীহ পড়ে তাকে সতর্ক করলে তিনি বিষয়টি বুঝতে পারেন। কিন্তু তিনি তার প্রতি ভ্রুক্ষেপ না করে সালাত সম্পন্ন করলেন এবং সালামের পর দুটি সাহু সিজদা করলেন। আর তিনি তার এ আমলকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আমল বলে দাবি করলেন। তবে সর্বাধিক সহীহ কথা হলো এ ভুলের জন্য সাহু সিজদা সালামের পূর্বে হবে। আব্দুল্লাহ বিন মালিক বিন বুহাইনা রাদিয়াল্লাহু আনহুর হাদীছটি এর প্রমাণ। হাদীছটি বর্ণনা করেছেন ইমাম বুখারী ও মুসলিম।

https://sunnah.global/hadeeth/bn/show/11234